# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)

## কোম্পানি সচিবালয়

## বোর্ড উপবিভাগ

## বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

বিষয় : সেপ্টেম্বর, ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার স্থান : বাপেক্স বোর্ড রুম

তারিখ ও সময় : ২৩ সেপ্টেম্বর, ২০২৪ সকাল ১১.০০ টা

সভাপতি : জনাব মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | জিওবি অর্থায়নে প্রকল্প গ্রহণ | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, "বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ খনন" প্রকল্পের ডিপিপি পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপন করা হবে।<br>তিনি আরো জানান যে, অস্থায়ী শ্রমিক খাতের ব্যয় কোম্পানির রাজস্ব বাজেট হতে নির্বাহের বিষয়ে করনীয় নির্ধারণের লক্ষ্যে ইতোমধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করা হবে ।<br>মহাব্যবস্থাপক (খনন) জানান যে, জামালপুর-১ কূপ খননের জন্য প্রয়োজনীয় মালামালের তালিকা তৈরীর কাজ সম্পন্ন হয়েছে। এ লক্ষ্যে একটি সম্মিলিত মিটিং আয়োজন করা হবে এবং মিটিংয়ে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | (ক) "বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ খনন" প্রকল্পের ডিপিপি পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) অস্থায়ী শ্রমিক খাতের ব্যয় কোম্পানির রাজস্ব বাজেট হতে নির্বাহের বিষয়টি পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে।<br>(গ) জামালপুর-১ কূপ খননের জন্য মালামালের তালিকা দ্রুত প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক এবং প্রকল্প ব্যবস্থাপক |
| ২ | বাপেক্সের ওয়ার্কওভার কাজের শিডিউল নির্ধারণ | মহাব্যবস্থাপক (খনন) সভায় জানান যে, তিতাস ১৩ ও ১৫ কূপে ওয়ার্কওভার কাজের জন্য একটি কমিটির মাধ্যমে মালামালের তালিকা প্রস্তুত করা হয়েছে।<br>মহাব্যবস্থাপক (ভূপদার্থ) জানান যে, ডুয়েল কমপ্লিশন সঠিকভাবে নিরূপণের বিষয়ে গঠিত কমিটি কর্তৃক প্রতিবেদন দাখিল করা হয়েছে।<br>মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, কসবায় গুদাম তৈরীর লক্ষ্যে Design-এর কাজ সম্পন্ন হয়েছে। পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করা হবে। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, সরকারি পরিপত্র অনুযায়ী বর্তমানে স্থায়ী স্থাপনা তৈরীর বিধি-নিষেধ রয়েছে। উপমহাব্যবস্থাপক (নির্মান) জানান যে, গুদাম তৈরি স্থায়ী স্থাপনা না হওয়ায় এ ক্ষেত্রে বিধি নিষেধ প্রযোজ্য নয় বলে প্রতীয়মান হয়। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন। | (ক) তিতাস ১৫ ও ১৩ ওয়ার্কওভার কাজের জন্য দ্রুত সময়ের মধ্যে মালামাল ক্রয় সম্পন্ন করতে হবে।<br>(খ) কসবায় গুদাম তৈরীর জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থানের লক্ষ্যে পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩ | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, বর্তমান পরিবর্তিত অবস্থার প্রেক্ষিতে ডিপিপি পুন:পর্যালোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা কমিশন হতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে ফেরত প্রদান করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | ক) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্ল্যান্ট) |
| ৪ | চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকায় ৩ডি সাইসমিক জরিপ কার্যক্রম সংক্রান্ত | মহাব্যবস্থাপক (ভূপদার্থ) জনাব হাওলাদার ওহিদুল ইসলাম জানান যে, বিশেষ আইনে প্রকল্পটি বাস্তবায়নের প্রস্তাব করায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক স্থগিত করা হয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, সক্ষমতা অনুযায়ী Land Area-তে বাপেক্স তার নিজস্ব জনবল দ্বারা ৩ডি সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনা করবে। অপরদিকে, Transition Area-তে উন্মুক্ত আর্ন্তজাতিক দরপত্র আহবান করতে হবে। | (ক) Land Area-তে বাপেক্সের নিজস্ব জনবল দ্বারা ৩ডি সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনা করতে হবে। অপরদিকে,Transition Area-তে ৩ডি সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনার জন্য উন্মুক্ত আর্ন্তজাতিক দরপত্র আহবান করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ) |
| ৫ | ১টি Drilling Rig ক্রয় প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, ১০০০ হর্স পাওয়ার রিগের Specifications প্রস্তুতের জন্য একটি কমিটি গঠন করা হয়েছিল এবং কমিটি কর্তৃক Specifications প্রস্তুতের কাজ চলমান রয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ১০০০ হর্স পাওয়ার এর Specifications Review করার নির্দেশনা প্রদান করেন। | ক) ১০০০ হর্স পাওয়ার রিগ ক্রয়ের নিমিত্তে Specifications Review করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| ৬ | গভীর কূপ খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) বলেন যে, প্রকল্পের অর্থায়নের প্রকৃতি নির্ধারিত হয়েছে। সে অনুযায়ী পুনরায় অঙ্গভিত্তিক ব্যয় প্রাক্কলনের কাজ চলমান আছে। ২৭-০৮-২০২৪ তারিখে টার্নকি ভিত্তিতে ঠিকাদার নিয়োগের লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তি আহবান করা হয়েছে। | ক) প্রাক্কলন কাজ সম্পন্ন করে DPP দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৭ | বাপেক্স ভবনে Central AC স্থাপন | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, Central AC স্থাপনের সাথে সংশ্লিষ্ট ৩/৪টি প্রতিষ্ঠান আগ্রহ প্রকাশ করেছিল। তাঁদের মধ্য থেকে একটি প্রতিষ্ঠান ১৫ থেকে ২০ কোটি টাকার প্রয়োজন হবে বলে প্রাক্কলন দিয়েছে। আলোচনায় অংশ নিয়ে উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জনাব স. আ. ম. মেরাজুল আলম বলেন যে, বাপেক্স ভবন কাঁচের ডিজাইনের কারণে বাতাস চলাচল করতে পারে না বিধায় তীব্র গরমের কারণে বাপেক্সের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ দৈনন্দিন দাপ্তরিক কাজ সম্পাদনে খুবই অসুবিধার সম্মুখীন হচ্ছে যা কর্মদক্ষতা হ্রাসের অন্যতম কারণ। তাই, বাপেক্স ভবনে Central AC স্থাপন করার বিষয়টি সুবিবেচনার জন্য অনুরোধ করেন। ব্যবস্থাপনা পরিচালক তাতে একমত প্রকাশ করেন এবং Technical Specifications দ্রুত প্রস্তুতের জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) Central AC স্থাপনের বিষয়ে Technical Specifications দ্রুত প্রস্তুত করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>(খ) মহাব্যবস্থাপক (প্রকৌশল) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৮ | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, ভারপ্রাপ্ত) জানান যে, অডিট আপত্তিসমূহের জবাবসহ পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের জন্য একটি খসড়া কার্যপত্র প্রস্তুত রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, অডিট আপত্তি কোন ব্যক্তি/ বিভাগের গোপনীয় বিষয়। সেটি তৃতীয় কোন পক্ষের নিকট প্রকাশ করে দেওয়ার বিষয়টি অনাকাঙ্খিত ও খুবই দুঃখজনক। এতে ব্যাক্তির ক্ষতির সাথে সাথে প্রতিষ্ঠানেরও ভাবমূর্তি ক্ষুণ্ন হয়। ভবিষ্যতে যেন এরূপ ঘটনার পুনরাবৃত্তি না ঘটে সেদিকে লক্ষ্য রাখার এবং বাপেক্সের উন্নতির জন্য আন্তরিকতার সাথে কাজ করার পরামর্শ প্রদান করেন। | ক) অডিট আপত্তিসমূহের নিষ্পত্তির বিষয়ে একটি কার্যপত্র প্রস্তুত রাখতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, ভারপ্রাপ্ত) |
| ৯ | অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম | মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, নতুন অর্গানোগ্রাম তৈরির কাজ চলমান রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক অর্গানোগ্রাম তৈরির কাজ দ্রুত সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। মহাব্যবস্থাপক (প্রশাসন)-কে অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যপত্র প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন। | (ক) কমিটির দাখিলকৃত অর্গানোগ্রাম বোর্ডে উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ১০ | APA সংক্রান্ত কার্যক্রম | APA টিম লিডার ও মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, এপিএ সংক্রান্ত কার্যক্রমের সার্বিক অগ্রগতি এখন পর্যন্ত সন্তোষজনক। এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (সংস্থাপন) বাপেক্সে অপ্রয়োজনীয় নথি ব্যবস্থাপনা বিষয়ে দিকনির্দেশনা কামনা করলে ব্যবস্থাপনা পরিচালক একটি কমিটির মাধ্যমে বাপেক্সের সকল নথির তালিকা প্রস্তুতপূর্বক ২০ বছর বা তার অধিক পুরাতন/অপ্রয়োজনীয় নথিতে অডিট আপত্তি না থাকলে কমিটির মাধ্যমে বিনষ্ট করার পরামর্শ প্রদান করেন। | (ক) APA এর লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব সচেতন হতে হবে।<br>(খ) কোন কোন নথি সংরক্ষণ করা হবে তা প্রতিটি বিভাগ-কে প্রয়োজন এবং গুরুত্ব অনুযায়ী নির্ধারণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন) ও আহবায়ক, এপিএ কমিটি<br>২। সকল মহাব্যবস্থাপক |
| ১১ | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করা | মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, বাপেক্স ভবনে সরেজমিন পরিদর্শনপূর্বক Fire Service একটি প্রতিবেদন দাখিল করেছে এর পাশাপাশি বিভিন্ন প্রকল্প ও স্থাপনায় অগ্নি নিরাপত্তা জোরদার করা হয়েছে। | ১। বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেইফটি এন্ড এন এনভায়রনমেন্ট)<br>৩। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ১২ | বিবিধ: | ১। মহাব্যবস্থাপক (খনন) জানান যে, বাপেক্সের খনন বিভাগে কর্মরত টুলপুশার, ড্রিলার এবং সহকারী ড্রিলারদের (IWCF) (Level-3) প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট সনদ প্রাপ্তির বিষয়ে পেট্রোবাংলায় যোগাযোগ করার নির্দেশনা প্রদান করেন। মহাব্যবস্থাপক (খনন) বাপেক্সে নতুন কর্মকর্তাদের দেশেই BPI এর মাধ্যমে প্রশিক্ষণ করানো যায় কিনা সে বিষয়ে দিক নির্দেশনা কামনা করলে ব্যবস্থাপনা পরিচালক BPI এর মাধ্যমে প্রশিক্ষণ আয়োজন করা যায় কিনা তা খোঁজ নেয়ার নির্দেশনা প্রদান করেন। এর পাশাপশি বাপেক্সের অভিজ্ঞ কর্মকর্তাদের দ্বারা বাপেক্স ভবনে বর্ণিত বিষয়ে ইন-হাউজ প্রশিক্ষণ করানো যায় কিনা সে বিষয়ে জানতে চাইলে ব্যবস্থাপনা পরিচালক এটিও আয়োজন করার পরামর্শ দেন। | ১) নতুন যোগদানকৃত ট্রেইনি ড্রিলারদের IWCF (International Well Control Forum) কোর্স সম্পন্ন করে লাইসেন্স প্রাপ্তি নিশ্চিত করতে হবে এবং ইন-হাউজ ও BPI এর মাধ্যমে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | ১) মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (খনন)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>৪। মহাব্যবস্থাপক (উৎপাদন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ২। ব্যবস্থাপনা পরিচালক বিভিন্ন দপ্তরের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বর্তমান অর্গানোগ্রাম অনুযায়ী মহাব্যবস্থাপকগণের জন্য সমন্বয় কর্মকর্তার পদায়ন করার নির্দেশনা প্রদান করেন। | ২) অর্গানোগ্রাম অনুযায়ী সকল মহাব্যবস্থাপকগণের জন্য সমন্বয় কর্মকর্তা দ্রুত পদায়ন করতে হবে। | |
| | | ৩। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) জনাব তারেক আহমদ সভায় উপস্থাপন করেন যে, 'সুন্দলপুর-৩ এবং বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) ম্যূলায়ন কাম উন্নয়ন কূপ এলাকার ভূমি হুকুম দখলের মেয়াদ জুন ২০২৩ অতিক্রান্ত হয়েছে এবং তা পরবর্তী দুই বছর (জুন ২০২৫ পর্যন্ত ) বর্ধিত করার প্রস্তাব জেলা প্রশাসক, নোয়াখালি বরাবর প্রেরণ করা হয়েছে। সুন্দলপুর ৩ এবং বেগমগঞ্জ ৪ (ওয়েস্ট) কূপ খনন শেষে বাণিজ্যিক ভাবে উত্তোলন যোগ্য গ্যাস আবিষ্কৃত হওয়ার পরিপ্রেক্ষিতে বর্তমান পর্যায়ে কূপ এলাকা দুটির ভূমি স্থায়ী অধিগ্রহন প্রক্রিয়া শূরু করা যেতে পারে'। তিনি সভায় অভিমত ব্যক্ত করেন যে ,'কূপ এলাকা দুটির ভূমির মৌজা রেট অত্যন্ত বেশি। এমতাবস্থায়, কূপ এলাকাদ্বয়ের অ্যভন্তরে ভবিষ্যতে নতুন কোন কূপ খননের সম্ভাবনা না থাকলে, অধিগ্রহন প্রস্তাবে শুধুমাত্র কূপ দুটির ভবিষ্যৎ ওয়ার্কওভার কার্যক্রম পরিচালনের জন্য প্রয়োজনীয় ভূমি রেখে অবশিষ্ট ভূমি অবমুক্ত করা হলে তা সংস্থার জন্য আর্থিকভাবে সাশ্রয়ী হবে।'<br><br>তিনি সভায় আরো অভিহিত ব্যক্ত করেন যে, 'বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রের অভ্যন্তরের খালি স্থানে বেগমগঞ্জ-৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খননের স্থান নির্ধারণ করা হয়েছে। এমতাবস্থায়, বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রের অভ্যন্তরে অদূর ভবিষ্যতে যদি নতুন কোন প্রসেস প্লান্ট স্থাপনের পরিকল্পনা থাকলে তার জন্য অতিরিক্ত ভূমি অধিগ্রহণ আবশ্যক হতে পারে। ভূমি অধিগ্রহন একটি দীর্ঘ ও জটিল প্রক্রিয়া। যদি বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রে নতুন প্রসেস প্লান্ট স্থাপনের অতিরিক্ত ভূমি অধিগ্রহণ আবশ্যক হয় , তবে বেগমগঞ্জ ৪ (ওয়েস্ট) কূপ এলাকার ভূমি অধিগ্রহণের সাথে তা সম্পন্ন করা সার্বিক বিবেচনায় সুবিধাজনক হবে।' তদপরিপ্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সুন্দলপুর ৩ এবং বেগমগঞ্জ ৪ (ওয়েস্ট) কূপ এলাকার ভূমি অধিগ্রহন প্রক্রিয়া শুরু করা এবং কূপ এলাকায় অধিগ্রহনতব্য ভূমির পরিমান সকল দিক বিবেচনায় পর্যালোচনার জন্য সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি নির্দেশনা প্রদান করেন। সভায় তিনি মহাব্যবস্থাপক (উৎপাদন)-কে বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রে অভ্যন্তরে নতুন প্রসেস প্লান্ট স্থাপনের জন্য স্থান নির্বাচন ও অতিরিক্ত কোন ভূমি অধিগ্রহণ প্রয়োজন হবে কিনা তা অনুসন্ধান করে দেখতে নির্দেশনা প্রদান করেন। | ৩) বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রে অভ্যন্তরে নতুন প্রসেস প্লান্ট স্থাপনের জন্য স্থান নির্বাচন ও অতিরিক্ত কোন ভূমি অধিগ্রহণ প্রয়োজন হবে কিনা তা নির্ধারণের জন্য মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (খনন), মহাব্যবস্থাপক (প্রকৌশল) ও মহাব্যবস্থাপক (নির্মাণ) এর সমন্বয়ে কমিটি গঠন করতে হবে। | |

আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/৯/২৪

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ............................................................................., বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ........................................................................., বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্পব্য বস্থাপক .........................................................., বাপেক্স।
৪) অফিস কপি।